

আমি নাহি কথা বলি হইয়া কাতর।
 এক মিঞা বলে 'বেটা হ'বে বুঝি চোর।'
 দশ বার জনে ঘিরে করে গণ্ডগোল।
 কেহ চোর কেহ কহে বোবা কি পাগল।।
 'ধর চোর মার চোর ক'রে' ছড়াছড়ি।
 এক মিঞা এসে 'মোর টেনে ধরে দাড়ি।।
 মিঞা কহে 'হারে চোরা কথা না কহিলি।
 গরু চুরি করিবারে বসিয়া রহিলি।।
 মিঞা মোর দাড়ি টেনে ধরিল যখনে।
 আমি চাই উঠে যেতে দাড়ি ধরে টানে।।
 মিঞা বলে গরু চোর পালাইতে চায়।
 দাড়ি ছাড়ি ধরে চুল পৃষ্ঠেতে কিলায়।।
 কিল খেয়ে পালাইতে চাই শীঘ্রগতি।
 আর মিঞা এসে মোর পৃষ্ঠে মারে লাথি।।
 আর মিঞা এসে মোর দাড়ি ছাড়াইল।
 গলা ধাক্কা দিয়া মোরে ঠেলিয়া আনিল।।
 যেই মোর গ্রীবা ধ'রে যবে দেয় ঠেলা।
 সে মিঞা কহিছে 'এর গলে দেখি মালা।।
 সে মিঞা কহিছে 'এর মালা মোটা মোটা।
 এ দেখে 'বৈরাগী' এরে চোর বলে কেটা।।
 হাতে দেখি ভিক্ষাহাঁড়ি তাহাতে চাউল।
 ভিক্ষুক বৈরাগী হ'বে নেড়া কি বাউল।।
 ইহাকে মারিতে মম হ'তেছে মমতা।
 এত অপমান করি নাহি কয় কথা।।
 কাহাকে মারিলি তোরা ধরে দাড়ি চুল।
 কাহাকে মারিলি তোরা হারে নামাকুল।।'
 টানিয়া লইল মোরে বাড়ীর উপরে।
 ফেলিয়া গায়ের কাঁথা দেখে দীপ ধরে।।
 এত যে মারিনু তবু হা-হা ছ-ছ নাই।
 এ কোন মহৎ হ'বে মনে ভাবি তাই।।
 চোর যদি কুষ্ঠব্যাধি কেন ওর গায়।
 এ ভাব ধরেছে কোন মহতের কথায়।।

রস পৈত্তিকের যা দেখি যে গাত্রে ভরা।
 এই দায় ঠেকে বুঝি এই ভাব ধরা।।'
 না জেনে আমারে মারে আরো করে রোষ।
 মনে মনে বলি হরি না লইও দোষ।।
 সংসারের দুঃখ দেখে লইয়াছি রোগ।
 মিঞাদের দোষ হ'লে মোরে দেও ভোগ।।"
 হেসে হেসে দশরথ এই কথা কয়।
 তাহা শুনি হাসিয়া কহেন মৃত্যুঞ্জয়।।
 "সাধে সেধে নিলে ব্যাধি হইলে আতুর।
 ঠাকুর পরীক্ষা করে সহ্য কর দূর।।"
 এইভাবে দশরথ থামে ঠাঁই ঠাঁই।
 রসনা বাসনা হরি হরি বল ভাই।।



দেবী জানকী কর্তৃক আরোপে মহাপ্রভুর ফুলসজ্জা

নিত্যানন্দ শ্রীচৈতন্য আর শ্রীঅদ্বৈত।
 তিন সহোদর হয় অতি সুচরিত।।
 নিত্যানন্দ জ্যেষ্ঠা কন্যা নামে কলাবতী।
 চণ্ডীচরণের নারী অতি সাধবী-সতী।।
 পদুমা নিবাসী রামমোহন মল্লিক।
 তাহার তনয় চণ্ডীচরণ নৈষ্ঠিক।।
 নিত্যানন্দের আর এক কন্যা রসবতী।
 মৃত্যুঞ্জয়ের কনিষ্ঠা অতি সাধবা-সতী।।
 গোবিন্দ মতুয়া প্রভুভক্ত শিরোমণি।
 রসবতী সতী হয় তাহার ঘরণী।।
 অষ্ট সাত্ত্বিক বিকারী গোবিন্দ 'মতুয়া'।
 হরিনাম করিতেন নাচিয়া নাচিয়া।।
 প্রভাতী গাইত যবে প্রভাত সময়।
 শুনিয়া সবার চিত্ত হ'ত দ্রবময়।।
 গোগৃহেতে থাকি গরু উর্দ্ধ মুখ চেয়ে।
 নয়নজলেতে তারা যাইত ভাসিয়ে।।